

## BENGALI-Paper-I

Time Allowed-3 Hours

Full Marks-200

If the questions attempted are in excess of the Prescribed number, only the questions attempted first up to the prescribed number shall be valued and the remaining ones ignored.

ক - বিভাগ

(যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন)

৫০

- ১) ক) প্রত্ন-বাংলা থেকে উদ্ভবের সূত্র ধরে আধুনিক বাংলা ভাষার উত্তরনের স্তরগুলি উদাহরণ সহযোগে আলোচনা করুন।  
খ) ভাষা ও উপভাষার সংজ্ঞা নির্ণয় করে এই দুইয়ের পারস্পরিক সম্পর্কটি ব্যাখ্যা করুন। প্রসঙ্গক্রমে যে কোনো একটি বাংলা উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণ সহ উল্লেখ করুন।

খ-বিভাগ

(যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন)

৫০X২=১০০

- ২) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটিকে 'নাটগীত' অভিধায় ভূষিত করা হয়,এ সম্পর্কে আপনার মতামত যুক্তিসহ আলোচনা করুন।  
৩) মধ্যযুগীয় ভক্তিরসের ধারা বাংলা অনুবাদ-সাহিত্যকে কীভাবে নিয়ন্ত্রিত করেছে,সে বিষয়ে বিস্তারিত আলোচনা করুন।  
৪) ষোড়শ শতকে বাংলা সাহিত্যের স্বর্ণযুগ বলার বিশিষ্ট কারণগুলি ব্যাখ্যা করে এই কালের অন্তত দুটি সাহিত্যকীর্তির সম্যক বিশ্লেষণ করুন।  
৫) "ভারতচন্দ্র ও রামপ্রসাদের সাহিত্যগুলির সূত্র ধরেই উনিশ শতকের মানবতাবাদের সূচনা" - মন্তব্যটির যৌক্তিকতা উপযুক্ত তথ্য সহযোগে বিশ্লেষণ করুন।

গ - বিভাগ

(যে কোনো একটি প্রশ্নের উত্তর দিন)

৫০

- ৬) বাংলা গীতিকবিতার আসরে 'ভোরের পাখি' কাকে বলা হয়? তাঁকে এই অভিধায় কে ভূষিত করেছেন? এই কবির অবদান সম্পর্কে বিস্তারিত আলোচনা করুন।  
৭) "মানিক বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসগুলিতে সাধারণ মানুষের সাধারণ জীবনযাত্রাই মুখ্য উপজীব্য"। তাঁর রচিত দুটি উপন্যাস সহযোগে বক্তব্যটি বিশ্লেষণ করুন।  
৮) নারীজীবনে স্বাভাবিক চাহিদার 'চাপান-উতোর'-এ সৃষ্ট সামাজিক সংঘর্ষই আশাপূর্ণাদেবীর 'ত্রয়ী' উপন্যাসের মূল ভিত্তি - বিশ্লেষণ করুন।